**SET-4**

**Series GBM**

**Code No. 5**

Candidates must write the Code on the title page of the answer-book.

Roll No.

- Please check that this question paper contains **12** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **16** questions.
- **Please write down the Serial Number of the question before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

# বাংলা

# BENGALI

*সময় : 3 ঘন্টা* | *সর্বমোট অঙ্ক : 85*

*Time allowed : 3 hours* | *Maximum Marks : 85*

## SECTION A (Reading)

**1.** নিচের অনুচ্ছেদটি পড়ে সঙ্গে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও : *1+1+1+1+1=5*

দামোদর উপত্যকা প্রকল্প, ভাকরা-নাঙ্গাল বাঁধ এবং আরো এমনি অনেক বৃহৎ বহুমুখী নদী প্রকল্পের অন্তর্গত কয়েক হাজার বাঁধ নির্মাণ করা হল, এখনো হচ্ছে । বিদ্যুৎ উৎপাদন বাড়াবার জন্য এই সব বহুমুখী নদী-পরিকল্পনাগুলো

থেকে জলবিদ্যুতের ব্যবস্থা করা হল । সেই সঙ্গে আরো অনেক তাপবিদ্যুত ও কিছু পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র-ও তৈরি হ'ল, এখনো হচ্ছে । এসব কেন্দ্রের পরিকল্পিত উৎপাদন ক্ষমতা হাজার হাজার মেগাওয়াট । চাষবাসের উন্নতির জন্য সবুজ বিপ্লবের পন্থা গ্রহণ করা হ'ল । প্রচুর পরিমাণে সেচের ও রাসায়নিক সারের প্রয়োজন দেখা দিল এতে । সেচের জন্য ওই বহুমুখী নদী পরিকল্পনার বাঁধের জল তো আছেই, তার সঙ্গে প্রচুর সংখ্যায় গভীর ও অগভীর নলকূপ বসানো এবং বিদ্যুৎ কিংবা ডিজেল চালিত পাম্পসেটের ব্যবস্থা করার কথাও বলা হল । রাসায়নিক সারের জন্য বড়ো বড়ো সার কারখানা খোলা হল । সবুজ বিপ্লবের ধাঁচেই কল্পনা করা হল দুধ বিপ্লবের যার বাহারি নাম অপারেশন ফ্লাড । এগুলি সবই উন্নয়নের দিকে আধুনিকতার পথে যাত্রার লক্ষণ ।

(a) নদীপ্রকল্পের অন্তর্গত দুটি বাঁধের নাম লেখো ।

(b) এই বাঁধ থেকে কী উৎপন্ন হয় ?

(c) রাসায়নিক সার কোথায় পাওয়া যায় ?

(d) দুধবিপ্লবের বাহারি নাম কী ?

(e) 'আধুনিকতা' শব্দটির বিপরীতার্থক শব্দ কী ?

**2.** নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : *1+1+1+1+1=5*

এক ছুটির দিনের ভোরসকালে দিব্য এসে আমার ঘুম ভাঙায় আর তাড়া দিয়ে বলে, 'চটপট তৈরি হয়ে নাও', এখনই বেরোতে হবে ।

আমি জানতে চাই, কোথায় ? আর দিব্য বলে, দেশের খোঁজে । – ওর হাতে চায়ের পেয়ালা । চায়ের ধোঁয়ার সঙ্গে ওর 'দেশের খোঁজে' কথাটাও ভাসতে ভাসতে উড়ে যেতে থাকে – যেন দেশ খুঁজতেই বেরিয়ে পড়ল কথাটা, দিব্যর মুখ থেকে ভূমিষ্ঠ হয়েই । পেয়ালা নামিয়ে দিব্য এমনই এ্যস্ত উঠে দাঁড়ায় যেন এখনই

আমাদের ওই কথাটার পিছু নিতে হবে । 'দেশের খোঁজে' কথাটাই যেন আমাদের নিশানা – সে-ই আমাদের হাত ধরে পথ চিনিয়ে চিনিয়ে পৌঁছে দেবে দিব্যর সেই স্বপ্নের বা কল্পনার দেশে ।

দিব্যকে আমি ভালোভাবেই চিনি । সে আমার তিরিশ বছরের বন্ধু । 'দেশ' শব্দটা যে মাঝে মাঝেই ওকে তাড়া করে, তা-ও আমি জানি । ওর সেই তাড়িতমনের দেশকাতরতার কথা শুনতে হয় আমাকেই, কারণ দিব্য মনে করে, আমার একটা দেশ ছিল বা আছে, ওর নেই, ও তাই আমাকে হিংসে করে । সেই হিংসের ভেতর আবার সান্নিধ্যের একটা আকর্ষণও থাকে । ফলে আমাকে সঙ্গে নিয়েই দিব্য বেরিয়ে পড়তে চায় তার দেশের খোঁজে ।

(a) ভোরসকালে তাড়া দিয়ে কে এসে ঘুম ভাঙায় ?

(b) সে কোথায় যেতে বলে ?

(c) কথকের ঐ বন্ধুকে মাঝে মাঝে কী তাড়া করে বেড়ায় ?

(d) দু'জনের মধ্যে কত দিনের বন্ধুত্ব ?

(e) 'হিংসে' কথাটীর বিপরীতার্থক শব্দ কী হবে ?

## SECTION B (Grammar)

**3.** নিম্নলিখিত ধ্বনিবিজ্ঞানের সূত্রগুলির যে কোন ***একটির*** দু'টি উদাহরণ-সহ সংজ্ঞা লেখ : *(2+3)×1=5*

(a) অপিনিহিতি

(b) অভিশ্রুতি

(c) স্বরভক্তি

4. যে কোনা ***একটি*** অলঙ্কারের উদাহরণ-সহ সংজ্ঞা লেখ : *3+2=5*

(a) অনুপ্রাস

(b) উপমা

(c) যমক

**অথবা**

অলঙ্কার নির্ণয় করো এবং সংজ্ঞা লেখ : (***একটি*** )

(a) চলচপলার চকিত নৃত্যে চরণ করিছে বিচরণ

(b) ভূতের মতন চেহারা যেমন নির্বোধ অতি ঘোর

(c) আমার সুরগুলি পায় চরণ আমি পাইনে তোমারে

5. যে কোন ***চারটি*** বাগ্‌ধারা/প্রবাদের অর্থ লেখ ও একটি করে বাক্য রচনা কর : *2×4=8*

ভাগের মা গঙ্গা পায়না, বানরের গলায় মুক্তোর মালা, অতি লোভে তাঁতি নষ্ট, মাথার ঘাম পায়ে ফেলা, হাতের পাঁচ, চক্ষুশূল, ঘোড়ার ডিম, সাতপাঁচ

## SECTION C (Composition & Writing)

6. নিচে সংবাদপত্রের একটি প্রতিবেদন রয়েছে । এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : *2×3=6*

গত কয়েকদিন ধরে সমস্ত ব্যাঙ্ক এবং ‘এটিএম’ গুলির সামনে বিশাল বিশাল লাইন লক্ষ্য করা যাচ্ছে । ভোর সকাল থেকে অথবা মাঝরাত থেকে উদ্বিগ্ন জনসাধারণ লাইনে দাঁড়িয়ে আছেন, কখন ব্যাঙ্ক বা এটিএম খুলবে, তাঁরা টাকা

তুলতে বা বদলাতে পারবেন । হঠাৎ করে পাঁচশো বা হাজার টাকার নোট বাতিল হয়ে যাওয়ার খবরে অনেকেই দিশেহারা । সবচেয়ে অসুবিধায় পড়েছেন, বৃদ্ধ-বৃদ্ধা ও অথর্ব লোকেরা । যাঁরা ঘরছেড়ে বেড়াতে বা কোনো কাজে অন্য জায়গায় গিয়েছেন তাঁরা-ও খুবই অসুবিধেয় পড়েছেন । বেড়ানো মাথায় উঠেছে । সরকারী হাসপাতালগুলো না হয় পুরোনো পাঁচশো বা হাজার টাকার নোট নেবে কিন্তু বেসরকারী হাসপাতাল বা নার্সিং হোম ? অনেকের তো হাসপাতালে ভর্তি হয়ে-ও অপারেশন ইত্যাদি হচ্ছে না । কারণ তাঁদের আত্মীয়রা নূতন নোট না পাওয়াতে নার্সিং হোমে টাকা জমা করতে পারছেন না । যারা দিনমজুরী করে, দিন আনে দিন খায়, তাদের রোজগারপাতি বন্ধ । রিক্সাওয়ালা, সব্জিওয়ালা, ছোট দোকানীরা বসে মাছি তাড়াচ্ছে । কারণ কারোর হাতেই খুচরো টাকা নেই; বা যেটুকু-ও আছে তা ভবিষ্যতের কথা ভেবে খরচ করতে চাইছে না । এই অতর্কিত পদক্ষেপ নেবার পক্ষে যুক্তিযুক্ত কারণ নিশ্চয়ই আছে । কিন্তু সাধারণ মানুষের চূড়ান্ত দুর্ভোগকে অস্বীকার করা যায় না কিছুতেই ।

(a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও ।

(b) দু'টি বাক্যে মূল বিষয়টির উপর আলোকপাত কর ।

(c) কেন হঠাৎ করে এই দিশেহারা ভাবের সৃষ্টি হয়েছে ?

7. হঠাৎ করে তুমি একটি সমস্যায় পড়েছ । সে ব্যাপারে তোমার বন্ধুকে একটি চিঠি লেখ । *3+3=6*

**অথবা**

রাত্রিবেলা মাকে তুমি স্বপ্নে দেখেছ । সে কথা জানিয়ে মাকে একটি চিঠি লেখ ।

## SECTION D (Literature)

**8.** 'একটা কাজ করে দিতে হবে ভাই... টাকাটা কোনো রিলিফ ফান্ডে দিয়ে আসতে হবে।'

(a) উদ্ধৃত অংশটি কার লেখা, কোন গল্পের অংশ ?

(b) বক্তার এই উক্তির কারণ কী ?

(c) এরপর কী হয়েছিল ? *1+1+3=5*

**অথবা**

"ভাত খেলে সে মানুষ হবে। তখন বউ ছেলে মেয়ের জন্য কাঁদবে।"

(a) উদ্ধৃত অংশটি কার লেখা, কোন গল্পের অংশ ?

(b) কার কথা বলা হচ্ছে এখানে ?

(c) কেন এই উক্তিটি করা হয়েছে ?

**9.** সঠিক উত্তরটি নির্বাচন করো। (MCQ) যে কোন ***পাঁচটি*** । *1×5=5*

(a) বাজারের উত্তরে বিশাল মাঠ থেকে কেমন বাতাস বয়ে আসছিল ?

(i) গরম

(ii) কনকনে

(iii) হাড়কাঁপানো

(b) উচ্ছবের চোখ হিংস্র ছিল বাদার

(i) বাঘের মতো

(ii) কামটের মতো

(iii) শেয়ালের মতো

(c) “বুড়িমা ! তুমি মরনি ?” – বলেছিল

(i) ফাজলু শেখ

(ii) নিবারণ বাগদি

(iii) চৌকিদার

(d) রামশাল চালের ভাত খাওয়া হয়

(i) নিরামিষ তরকারীর সঙ্গে

(ii) মাছ দিয়ে

(iii) ডাল দিয়ে

(e) “দরদের চেয়ে ছোঁয়াচে কিছুই নেই এ জগতে” – কথাটি মনে হয়েছে

(i) নিখিলের

(ii) মৃত্যুঞ্জয়ের

(iii) টুনুর মার

(f) পিসিমা ছিলেন

(i) স্বামীপরিত্যক্তা

(ii) বিধবা

(iii) অবিবাহিতা

(g) টুনুর মা শয্যাশায়ী কারণ সে

(i) সন্তানসম্ভবা

(ii) চিররুগ্ন

(iii) একবেলা মাত্র খায়

(h) ‘মরবে রে, নির্ঘাত মরবে বুড়িটা’ – এরকম উক্তির কারণ

(i) বুড়ি অনেকদিন থেকে অনাহারে

(ii) দুর্যোগের রাতে বুড়ি রাস্তায় নেমেছে

(iii) বুড়ি ভীষণ মাথাগরম করছিল

**10.** সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ : *5*

জানিলাম এ জগৎ / স্বপ্ন নয়

**অথবা**

চোখ তো সবুজ চায় ! / দেহ চায় সবুজ বাগান

**11.** 'সত্য যে কঠিন'

(a) কার লেখা, কোন কবিতার অংশ ?

(b) 'কঠিন' শব্দটির অর্থ কী ?

(c) সত্য কঠিন কেন ? *1+1+3=5*

**অথবা**

নিহত ভাইয়ের শবদেহ দেখে / না-ই যদি হয় ক্রোধ –

(a) কার লেখা, কোন কবিতার অংশ ?

(b) 'নিহত' শব্দটির অর্থ কী ?

(c) কবির এই উক্তিটির তাৎপর্য লেখ ।

**12.** 'কী গেরো ! ঘুমোলুম তো ঘুমোলুম একেবারে গ্রিনরুমে ?'

(a) কে, কখন এই উক্তিটি করেছেন ?

(b) তাঁর এই উক্তিটির কারণ কী ? এর পর কী হয়েছিল ? *2+3=5*

**অথবা**

'পুরোনো দিনের কথা ভুলে যান চাটুজ্যেমশাই'

(a) কে, কখন এই উক্তিটি করেছেন ?

(b) তাঁর এই উক্তিটির কারণ কী ?

**13.** সঠিক উত্তরটি নির্বাচন করো । (MCQ) যে কোন ***পাঁচটি*** । *1×5=5*

(a) অভিনয়ে আসায় আগে রজনীকান্ত কোন পেশায় ছিলেন ?

(i) শিক্ষক

(ii) লেখক

(iii) পুলিশ

(b) 'ঔরঙ্গজেব' চরিত্রটি কোন নাটকে আছে ?

(i) সাজাহান

(ii) নূরজাহান

(iii) মেবার পতন

(c) সেই রাত্রে রজনীকান্ত কোন চরিত্রে অভিনয় করেছেন ?

(i) মহম্মদ

(ii) দিলদার

(iii) সাজাহান

(d) "তুমি থিয়েটারওয়ালা – একটা নকলনবীশ – একটা অস্পৃশ্য ভাঁড়" এই উক্তিটি করেছেন

(i) কালীনাথ

(ii) রজনীচাটুজ্জে

(iii) রামব্রীজ

(e) "এই তো জীবনের সত্য কালীনাথ" – জীবনের সত্য কী ?

(i) ইচ্ছাই সবকিছু

(ii) আগ্রই সব

(iii) প্রতিভা থাকলে বয়সে কিছু এসে যায় না

(f) 'A horse ! A horse ! My kingdom for a horse' – এটি কোন নাটকের সংলাপ ?

(i) ওথেলো

(ii) রিচার্ড দ্য থার্ড

(iii) ম্যাকবেথ

(g) কালীনাথ হচ্ছেন একজন

(i) অভিনেতা

(ii) থিয়েটারের ম্যানেজার

(iii) প্রম্পটার

(h) "শাহজাদি ! সম্রাটনন্দিনী ! মৃত্যুভয় দেখাও কাহারে" সংলাপটি কোন নাটকের ?

(i) সাজাহান

(ii) রিজিয়া

(iii) নুরজাহান

**14.** এমনকী উপকথার আটলান্টিস, যখন সমুদ্র তাকে খেল ডুবতে ডুবতে সেই রাতে চিৎকার উঠেছিল ক্রীতদাসের জন্য।

(a) কার লেখা, কোন কবিতার অন্তর্গত ?

(b) এই লাইন দুটিতে কবি কী বলেছেন ? *1+1+3=5*

**অথবা**

দশ দশ বছরে এক-একজন মহামানব খরচ মেটাত কে ?

(a) কার লেখা কোন কবিতার অন্তর্গত ?

(b) এই অংশটির তাৎপর্য লেখ ।

**15.** এ অঞ্চলে জমিদারের একটা আইন ছিল ... হাতিবেগার

(a) লেখক 'এ অঞ্চল' বলতে কোন জায়গার কথা বলেছেন ?

(b) হাতিবেগার কী ? *1+4=5*

**অথবা**

'হঠাৎ একদিন ক্ষেপে উঠল কলের কলকাতা'

(a) 'হঠাৎ একদিন' বলতে কোন সময়ের কথা বলা হচ্ছে ?

(b) সে সময়ে কী হচ্ছিল ?

**16.** সঠিক উত্তর নির্বাচন করো । (MCQ) যে কোন ***পাঁচটি*** । *1×5=5*

(a) সেই দু'টি চোখ চায়

(i) শান্তি

(ii) যুদ্ধ

(iii) মারামারি

(b) ফুটপাথে ছবি বিক্রী হয় যাঁর

(i) বিদ্যাসাগর

(ii) বঙ্কিমচন্দ্র

(iii) ভগৎসিং

(c) এককালে বাঘের উপদ্রব ছিল বলে নাম :

(i) বাঘমারা

(ii) বাঘডোগরা

(iii) বাঘপাড়া

(d) গারো পাহাড়ের নীচেই

(i) মৈমনসিং

(ii) শিলং

(iii) সুসং পরগনা

(e) মনমোহন ছিল

(i) একজন চাষী

(ii) মহাজন

(iii) দিনমজুর

(f) কালীঘাট থেকে পৈতে নিয়ে ফিরে মোনাঠাকুর গল্প করেছিল

(i) সুসং পরগনার

(ii) কলকাতার

(iii) বক্সার

(g) নতুন ছাতি নিয়ে মহাফূর্তিতে কে বাড়ি ফিরল ?

(i) রামদুলাল

(ii) চেংমান

(iii) নিবেদন সরকার

(h) তামাককে টামাক বলে

(i) গারোরা

(ii) হাজং-জলুরা

(iii) সাঁওতালরা